# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**27-04-2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবর -

১) পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার জন্য প্রচারাভিযান, আজ সন্ধ্যায় শেষ হচ্ছে।

# বিভিন্ন রাজনৈতিক দলের নেতানেত্রীরা মিটিং, মিছিল, জনসভায় অংশ নিচ্ছেন।

# বর্ষীয়ান বিজেপি নেতা নরেন্দ্র মোদী বলেছেন, রাজ্যে পরিবর্তন অবশ্যম্ভাবী।

# তৃণমূল কংগ্রেস নেতা অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেছেন, ভোটের সময় ছাড়া বিজেপির নেতাদের দেখা যায় না।

২) ভারত ও নিউজিল্যান্ডের মধ্যে বহু প্রতীক্ষিত মুক্ত বাণিজ্য চুক্তি আজ স্বাক্ষরিত হতে চলেছে।

৩) বাংলাদেশে কালবৈশাখীর দাপটে ৭ টি জেলায় অন্তত ১৪ জন প্রাণ হারিয়েছেন।

৪) কায়রোতে অনুষ্ঠিত ISSF জুনিয়র শ্যুটিং বিশ্বকাপে ভারতীয় শ্যুটাররা শীর্ষস্থান অধিকার করেছে।

oooooooooooooooooooo

রাজ্যে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার জন্য প্রচারাভিযান, আজ সন্ধ্যায় শেষ হচ্ছে। এই দফায় আগামী ২৯ শে এপ্রিল সাতটি জেলার ১৪২ টি আসনে ভোট নেওয়া হবে। দ্বিতীয় দফায় রাজ্যের মোট বুথের সংখ্যা- ৪১ হাজার একটি। এর মধ্যে প্রধান

বুথ- ৩৯ হাজার ৩০১ টি। সহায়ক বুথ প্রায় ১৭ শ’। মোট ২ হাজার ৩২১ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী, এই দফায় মোতায়েন করা হচ্ছে। পাশাপাশি থাকছেন ১৪২ জন সাধারণ পর্যবেক্ষক, ৯৫ জন পুলিশ পর্যবেক্ষক এবং ১০০ জন ব্যয় পর্যবেক্ষক।

এদিকে, সুপ্রিম কোর্টের নির্দেশে আপিল ট্রাইবুনালে নিষ্পত্তির পর দ্বিতীয় দফার জন্য ভোটারদের সাপ্লিমেন্টারি তালিকা আজ’ই প্রকাশিত হওয়ার কথা। তালিকায় যাদের নাম অন্তর্ভুক্ত হবে, তারা এই পর্বে ভোট দিতে পারবেন।

oooooooooooooooooooo

বিভিন্ন রাজনৈতিক দলের নেতানেত্রীরা মিটিং, মিছিল, জনসভায় অংশ নিচ্ছেন। বরিষ্ঠ বিজেপি নেতা নরেন্দ্র মোদী আজ দলীয় প্রার্থীর সমর্থনে কাকিনাড়ায় জনসভায় অংশ নেন। তিনি বলেন, পশ্চিমবঙ্গের এবারের নির্বাচনে পরিবর্তন অবশ্যম্ভাবী। বিজেপি এই নির্বাচনে বাংলার মানুষের ভোটে বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে ক্ষমতায় আসবে বলে প্রত্যয় ব্যক্ত করেন শ্রী মোদী। তিনি বিশ্বাস করেন, তিনি নতুন মন্ত্রীসভার শপথ গ্রহণ অনুষ্ঠানে হাজির থাকবেন। শ্রী মোদী জানান, বাংলার মানুষের কাছ থেকে তিনি যে ভালবাসা পেয়েছেন তাতে তিনি আপ্লুত।

**(বাইট-মোদী)**

অন্যদিকে, বিজেপি নেতা অমিত শাহ গঙ্গাসাগরে কপিল মুনির আশ্রম দর্শন করে, বেহালা থানা থেকে বেহালা ম্যানটন পর্যন্ত একটি রোড শো-তে অংশ নেন। এরপর তিনি হুগলির চন্দননগরে রোড শোয়ে অংশ নেবেন।

বিজেপি নেতা যোগী আদিত্যনাথ দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচারে অংশ নিতে নদীয়ার কল্যাণীতে রোড শো করেন। এরপর হুগলির ধনেখালিতে জনসভা, দমদমে আরও একটি রোড শো এবং রাজারহাট গোপালপুরে দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা করবেন।

এছাড়াও, যাদবপুর কেন্দ্রে দলীয় প্রার্থীর সমর্থনে রোড শো করবেন বিজেপি নেতা মোহন চরণ মাঝি। বিজেপি নেত্রী স্মৃতি ইরানি নদীয়ার হাঁসখালিতে দলীয় প্রার্থীর সমর্থনে একটি জনসভায় অংশ নেবেন। তৃণমূল কংগ্রেস নেত্রী, মমতা ব্যানার্জী বলেছেন, এই নির্বাচনে তাঁরাই পুনর্নিরবাচিত হয়ে ফিরবেন। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী

এ দিন দুপুরে যাদবপুর এবং টালিগঞ্জ কেন্দ্রের দলীয় প্রার্থীদের সমর্থনে যাদবপুরের সুকান্ত সেতু থেকে একটি জনসংযোগ যাত্রায় হাঁটবেন। পরে নিজের কেন্দ্র ভবানীপুরে জনসংযোগ কর্মসূচি রয়েছে তাঁর। অন্যদিকে, তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জি রানাঘাটে জনসভায় অংশ নিয়ে বলেন, ভোটের সময় ছাড়া বিজেপির নেতাদের দেখা যায় না, এবং তাঁরা কেবল মিথ্যা কথার প্রতিশ্রুতি দেন।

**(বাইট-অভিষেক)**

এরপর তিনি হুগলি, আরামবাগ এবং মহেশতলায় দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচার করবেন।

কাশিপুর-বেলগাছিয়া কেন্দ্রের সিপিআই(এম) প্রার্থীর সমর্থনে বিবি বাজার মোড় থেকে আয়োজিত পদযাত্রা-য় অংশ নেবেন সৃজন ভট্টাচার্য সহ দলীয় নেতৃত্ব। এছাড়াও, সুজন চক্রবর্তী ও ঐশী ঘোষের নেতৃত্বে মল্লিকবাজার ক্রসিংয়ে বালিগঞ্জ কেন্দ্রের প্রার্থীর সমর্থনে একটি রোড শো অনুষ্ঠিত হবে। নদীয়ার কৃষ্ণনগরে দলীয় প্রার্থীর সমর্থনে রোড শো করবেন রাজ্য সম্পাদক মহাম্মদ সেলিম ও রাজ্য কমিটির নেতৃত্ব শতরূপ ঘোষ।

এছাড়াও, কংগ্রেস ও ISF নেতারা প্রচারাভিযানে অংশগ্রহণ করছেন।

oooooooooooooooooooo

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু পাঁচ দিনের সফরে হিমাচল প্রদেশের সিমলায় পৌঁছেছেন। সেরাজ্যের রাজ্যপাল কবিন্দর গুপ্ত, মুখ্যমন্ত্রী সুখবিন্দর সিং সুখু, বিধানসভার অধ্যক্ষ কুলদীপ সিং পাঠানিয়া সহ অন্যান্যরা তাঁকে স্বাগত জানান। আগামীকাল, তিনি সিমলার 'লোক ভবন'-এ রাজ্যপাল আয়োজিত এক ভোজসভায় যোগদান করবেন।

আগামী ২৯শে এপ্রিল, শ্রীমতী মুর্মুর অটল টানেল পরিদর্শনের কথা রয়েছে। এ সময় তিনি 'বর্ডার রোডস অর্গানাইজেশন'-এর আধিকারিকদের সঙ্গে মতবিনিময় করবেন ।

৩০শে এপ্রিল, রাষ্ট্রপতি পালামপুরের 'চৌধুরী সরওয়ান কুমার হিমাচল প্রদেশ কৃষি বিশ্ববিদ্যালয়'-এর সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার কথা রয়েছে । একই দিনে, তিনি সিমলার 'ARTRAC'-এ আয়োজিত একটি অনুষ্ঠানেও অংশগ্রহণ করবেন।

oooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দু'দিনের সিকিম সফরে আজ গ্যাংটকে পৌঁছবেন। এই সফরে শ্রী মোদী সিকিমের অঙ্গরাজ্য হিসেবে মর্যাদালাভের ৫০ বছর পূর্তির সমাপ্তি অনুষ্ঠানে যোগ দেবেন। চার হাজার কোটি টাকার একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন প্রধানমন্ত্রী।

গ্যাংটক পৌঁছে শ্রী মোদী আজ বিকেলে বিরালু দ্বার থেকে এম জি মার্গ পর্যন্ত একটি রোড শো-তে অংশ নেবেন। বিজেপি কর্মীদের সঙ্গে মতবিনিময়ের কথা রয়েছে তাঁর। শ্রী মোদী, আগামীকাল, পালজোর স্টেডিয়ামে সিকিমের ভারতের অঙ্গরাজ্য হিসেবে আত্মপ্রকাশের ৫০ বছর পূর্তি উদযাপনের সমাপ্তি অনুষ্ঠানে যোগ দেবেন। রাজ্যজুড়ে

পরিকাঠামো, যোগাযোগ, স্বাস্থ্য পরিষেবা, শিক্ষা, বিদ্যুৎ, নগর উন্নয়ন, পরিবেশ, পর্যটন এবং কৃষি ক্ষেত্রের বিকাশ সহ ৪,০০০ কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন, সূচনা এবং ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এই উপলক্ষ্যে এক সমাবেশে ভাষণও দেবেন শ্রী মোদী।

০০০০০০০০০০০০০০০০০০

পাঞ্জাব পুলিশের প্রাক্তন ডিআইজি হরচরণ সিং ভুল্লারের বিরুদ্ধে মামলায় এনফোর্সমেন্ট নির্দেশালয়-ইডি আজ পাঞ্জাবের চণ্ডীগড়, লুধিয়ানা, পাতিয়ালা এবং জলন্ধর সহ এগারোটি জায়গায় তল্লাশি চালাচ্ছে। আরও অর্থ খুঁজে বের করা, অবৈধ সম্পদ চিহ্নিত করা এবং অর্থ পাচার সংক্রান্ত প্রমাণ সংগ্রহের উদ্দেশ্যেই এই তল্লাশি বলে জানিয়েছে ইডি।

০০০০০০০০০০০০০০০০০০০

বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েল বলেছেন যে, ভারত ও নিউজিল্যান্ড আজ নতুনদিল্লিতে বহু প্রতীক্ষিত মুক্ত বাণিজ্য চুক্তি স্বাক্ষর করতে চলেছে। এই চুক্তি, দু'দেশের মধ্যে অর্থনৈতিক সম্পর্ক মজবুত করার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। নিউজিল্যান্ডের বাণিজ্য ও বিনিয়োগ মন্ত্রী টড ম্যাকক্লের সঙ্গে গতকাল আগ্রার তাজমহল পরিদর্শনের সময় শ্রী গোয়েল বলেন, কয়েক বছর ধরে উচ্চ-পর্যায়ের আলোচনার পর অবশেষে চুক্তিটি চূড়ান্ত হয়েছে। এই চুক্তির লক্ষ্য হলো আগামী পাঁচ বছরে দ্বিপাক্ষিক বাণিজ্য দ্বিগুণ ক'রে পাঁচ বিলিয়ন ডলারে উন্নীত করা।

(বাইট – পীযূষ গোয়েল)

এর অর্থনৈতিক সুবিধার কথা তুলে ধরে শ্রী গোয়েল বলেন, এই চুক্তির ফলে দেশীয় পণ্য আন্তর্জাতিক বাজারে আরও সহজে ও সুলভে প্রবেশ করতে পারবে এবং বাণিজ্যের সুযোগ বাড়াবে। তিনি আগ্রায় চর্ম, বস্ত্র, তাঁত, হস্তশিল্প, কার্পেট এবং মশলার

মতো ক্ষেত্রের স্থানীয় ব্যবসায়ীদের সঙ্গেও দেখা করেন এবং তাঁদের কাজের প্রশংসা করেন। ভারতেরম শিল্পোন্নয়নে আগ্রা আগামী দিনে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে বলেও মন্ত্রী মত প্রকাশ করেন।

oooooooooooooooooooo

রাজ্যসভায় বিজেপির সাংসদ সংখ্যা বেড়ে হয়েছে ১১৩। সমাজমাধ্যমের এক বার্তায়, কেন্দ্রীয় সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু আজ জানান, রাজ্যসভার চেয়ারম্যান সি পি রাধাকৃষ্ণণ আম আদমি পার্টি থেকে বিজেপিতে আসা সাতজন সাংসদের বিজেপিতে যোগদানের বিষয়টি অনুমোদন করেছেন। সাংসদদের মধ্যে রয়েছেন রাঘব চাড্ডা, ড. অশোক কুমার মিত্তল, সন্দীপ পাঠক, স্বাতী মালিওয়াল এবং হরভজন সিং। এর ফলে রাজ্যসভায় আম আদমি পার্টির সাংসদ সংখ্যা কমে দাঁড়িয়েছে তিনে।

ooooooooooooooooooooo

বাংলাদেশে কালবৈশাখীর দাপটে ৭ টি জেলায় অন্তত ১৪ জন প্রাণ হারিয়েছেন। এক সপ্তাহের তীব্র তাপপ্রবাহের পর এই ঝড়বৃষ্টি।

গাইবান্ধায় ৫ জন, সিরাজগঞ্জ, জামালপুর ও ঠাকুরগাঁও-তে ২ জন এবং বগুড়া, নাটোর ও পঞ্চগড়ে ১ জন প্রাণ হারিয়েছেন। আরও বেশ কিছু জন আহত বলে স্থানীয় কর্তৃপক্ষ জানিয়েছে। বেশ কিছু গবাদি পশুও এই বজ্রপাতে প্রাণ হারিয়েছে।

ooooooooooooooooooo

ইরানের পার্লামেন্টের স্পিকার মহম্মদ বাঘের গালিবাফ বলেছেন, ইরানের হাতে এখনও আমেরিকাকে চাপে ফেলার মতো ক্ষমতা রয়েছে। তিনি মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের দাবিগুলিকে প্রত্যাখ্যান করে জানান, ইরানের হাতে এখনও হরমুজ প্রণালী, বাব-এল-মান্দেব প্রণালী এবং বিভিন্ন পাইপলাইন-এর মালিকানা রয়েছে। যার মাধ্যমে আমেরিকার চাহিদা নিয়ন্ত্রণকারী পদক্ষেপগুলিকে তারা প্রতিহত করতে সক্ষম।

তিনি উল্লেখ করেন, গ্রীষ্মকালে তেলের চাহিদা সর্বোচ্চ হয়। এমন অবস্থায় সরবরাহে যেকোনো ধরনের বিঘ্ন ঘটলে তার নেতিবাচক প্রভাব তীব্র আকার ধারণ করতে পারে। এর ফলে, এ বছর মার্কিন যুক্তরাষ্ট্রে মধ্যবর্তী নির্বাচনের ঠিক আগে সেখানে জ্বালানির দাম ব্যাপকভাবে বৃদ্ধি পাওয়ার আশঙ্কা রয়েছে। এদিকে, পৃথক এক প্রসঙ্গে ওমানের বিদেশমন্ত্রী বদর আলবুসাইদি জানান, তিনি ইরানের বিদেশমন্ত্রী আব্বাস আরাঘচির সঙ্গে এই বিষয়টি নিয়ে আলোচনা করেছেন।

oooooooooooooooooooo

মার্কিন বিচার বিভাগীয় দফতর জানিয়েছে, হোয়াইট হাউস কোরেসপন্ডেন্স ডিনার চলাকালীন ওয়াশিংটন হিলটন হোটেলে গত শনিবার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে হত্যার চেষ্টায় অভিযুক্ত কোল অ্যালেনকে আজ প্রাথমিক শুনানির জন্য একটি ফেডারেল আদালতে তোলা হবে। এফ বি আই-এর নির্দেশক কাশ প্যাটেল বলেছেন, এই ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত করা হচ্ছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি, মেক্সিকোর রাষ্ট্রপতি ক্লডিয়া শেইনবাম, অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্থনি অ্যালবানিজ এবং পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফসহ একাধিক বিশ্বনেতা এই ঘটনার তীব্র নিন্দা করেছেন। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, ফার্স্ট লেডি মেলানিয়া ট্রাম্প, এবং ভাইস প্রেসিডেন্ট জে ডি ভ্যান্স সহ ওই সময় উপস্থিত অন্যান্য প্রশাসনিক কর্মকর্তারা অক্ষত থাকায় স্বস্তি প্রকাশ ক'রে তাঁরা বলেছেন, গণতন্ত্রে রাজনৈতিক হিংসার কোনও স্থান নেই।

oooooooooooooooooooo

পশ্চিম আফ্রিকার মালিতে দেশজুড়ে আল-কায়দার একটি সহযোগী গোষ্ঠী এবং তুয়ারেগ বিদ্রোহীদের বিভিন্ন সামরিক ঘাঁটিতে চালানো হামলায় সে-দেশের প্রতিরক্ষামন্ত্রী

জেনারেল সাদিও কামার নিহত হয়েছেন। স্থানীয় সংবাদমাধ্যম জানিয়েছে, রাজধানী বামাকো থেকে উত্তর-পশ্চিমে প্রায় ১৫ কিলোমিটার দূরে অবস্থিত 'কাটি'-তে প্রতিরক্ষামন্ত্রীর বাসভবন লক্ষ্য ক'রে হামলা চালানো হয়। তাঁকে হত্যা করতে একটি আত্মঘাতী গাড়ি বোমা ব্যবহার করা হয়। উল্লেখ্য, এই শহরেই মালির অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট আসসিমি গোইতাও বসবাস করেন।

বন্দুকধারীরা বামাকো ছাড়াও উত্তরের শহর গাও ও কিদাল এবং মধ্যাঞ্চলের শহর সেভার সহ মালির বিভিন্ন স্থানে হামলা চালিয়েছে।

oooooooooooooooooooo

অনলাইন মাদক পাচারের ক্রমবর্ধমান সমস্যা নিরসনের লক্ষ্যে গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে নারকোটিকস কন্ট্রোল ব্যুরো – এন সি বি, ওয়েব-ভিত্তিক অবৈধ কার্যকলাপ প্রতিরোধ ও প্রয়োগ সংক্রান্ত অভিযান ‘অপারেশন ওয়াইপ’ চালু করেছে। এই অভিযানের লক্ষ্য হল, এন ডি পি এস আইনের অধীনে নিষিদ্ধ ওষুধের অবৈধ বিক্রি ও বিতরণের জন্য অনলাইন প্ল্যাটফর্মের অপব্যবহার রোধ করা। এর আগে, এনসিবি মার্কিন ড্রাগ এনফোর্সমেন্ট অ্যাডমিনিস্ট্রেশন, অস্ট্রেলিয়ান ফেডারেল পুলিশ এবং অন্যান্য বিদেশী মাদক আইন প্রয়োগকারী সংস্থাগুলির সহায়তায় এশিয়া, উত্তর আমেরিকা, ইউরোপ এবং অস্ট্রেলিয়া জুড়ে সক্রিয় একটি আন্তর্জাতিক মাদক পাচারকারী সিন্ডিকেটকে ভেঙে দিয়েছিল। তদন্তে জানা গেছে, এই সিন্ডিকেটটি কর্ণাটকের উদুপিতে একটি কল সেন্টার চালাত, এন ডি পি এস আইনের অধীনে নিয়ন্ত্রিত ফার্মাসিউটিক্যাল ওষুধগুলো অনলাইনে তালিকাভুক্ত করা হয়েছিল এবং কোনো বৈধ কাগজপত্র ছাড়াই সরবরাহের জন্য গ্রাহকদের সঙ্গে সরাসরি যোগাযোগ করা হতো। সংযুক্ত আরব আমিরশাহীতে অবস্থিত মূল চক্রীকে ইতোমধ্যেই শনাক্ত করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

কায়রোতে অনুষ্ঠিত ISSF জুনিয়র শ্যুটিং বিশ্বকাপ ২০২৬-এ ৫টি সোনা, ৬টি রূপো এবং ৫টি ব্রোঞ্জ পদক নিয়ে ভারতীয় শ্যুটাররা শীর্ষস্থান অধিকার করেছে। পুরুষদের ৫০ মিটার রাইফেল ৩ পজিশন ইভেন্টে হেমন্ত বর্মন ৩৫১ দশমিক ৭ স্কোর করে রূপো পান; অন্যদিকে, ওই বিভাগে কাজাখস্তানের ওলেগ নস্কভ ৩৫৫ দশমিক ৬ স্কোর করে একটি জুনিয়র বিশ্ব রেকর্ড গড়ে স্বর্ণ পদক জয় করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

সেবাস্তিয়ান সাওয়ে লন্ডন ম্যারাথনে প্রথম অ্যাথলিট হিসেবে দু'ঘণ্টার কম সময়ে দৌড় শেষ ক'রে ইতিহাস গড়েছেন। ৩১ বছর বয়সী কেনিয়ার এই খেলোয়াড় এক ঘণ্টা ৫৯ মিনিট ৩০ সেকেন্ডে দৌড় শেষ করে জয়ী হয়েছেন। এর আগের রেকর্ডটি ছিল কেলভিন কিপটামের দখলে। তিনি দু'ঘণ্টা পঁয়ত্রিশ সেকেন্ডে দৌড় শেষ করেছিলেন।

ম্যারাথনে অভিষেককারী ইয়োমেফ কেজেলচা এক ঘণ্টা উনষাট মিনিট উনচল্লিশ সেকেন্ডে দৌড় শেষ ক'রে রানার-আপ হয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

আই পি এল ক্রিকেটে আজ দিল্লি ক্যাপিটালস রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর মুখোমুখি হবে। দিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০